যুগান্তর

তারিখ 22 OCT 2017
পৃষ্ঠা ... কলাম ...

দুর্যোগপূর্ণ আবহাওয়া

# ঢাবির 'খ' ইউনিটে ভর্তির সাক্ষাৎকারের তারিখ পরিবর্তন

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

চলতি শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদভুক্ত 'খ' ইউনিটের ১ম বর্ষ স্নাতক সম্মান শ্রেণীর ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের সাক্ষাৎকারের সময়ে পরিবর্তন আনা হয়েছে। দুর্যোগপূর্ণ আবহাওয়ার কারণে শিক্ষার্থীদের অসুবিধার কথা বিবেচনায় নিয়ে বিশ্ববিদ্যালয় এ সিদ্ধান্ত নেয়। শনিবার কলা অনুষদের ডিন কার্যালয় থেকে এ সংক্রান্ত একটি জরুরি বিজ্ঞপ্তি দেয়া হয়।

এতে বলা হয়, 'খ' ইউনিটে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণদের সাক্ষাৎকার আজ রোববার থেকে শুরু হওয়ার কথা। দুর্যোগপূর্ণ আবহাওয়া বিবেচনায় নিয়ে তা স্থগিত করা হয়েছে। এ সাক্ষাৎকার গ্রহণ শুরু হবে আগামী ২৯ অক্টোবর রোববার থেকে। পরিবর্তিত সাক্ষাৎকারের সময়সূচি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট এবং কলা অনুষদের ডিন কার্যালয়ের নোটিশ বোর্ডে দেখা যাবে।

কলা অনুষদের ডিন ও 'খ' ইউনিট ভর্তি পরীক্ষার প্রধান সমন্বয়কারী অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন স্বাক্ষরিত ওই জরুরি বিজ্ঞপ্তিতে থিয়েটার অ্যান্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগ, সংগীত ও নৃত্যকলা বিষয়ের মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার তারিখও উল্লেখ করা হয়েছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.....
তারিখ.....
সিস্টেম ম্যানেজার
সিনিয়র সিস্টেম এনালিস্ট
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে